

UCB ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ

মাওনা শাখা, মাওনা চৌরাস্তা, শ্রীপুর, গাজীপুর।

বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি

(অর্থস্বর্ণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক)

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, মাওনা শাখা, শ্রীপুর, গাজীপুর এর স্বগ্ৰহীতা মেসার্স বিস্মিল্লাহ পোস্ট্রি ফিড এন্ড মেডিসিন, প্রোপ্রাইটর-মোঃ মুছা উদ্দিন, ঠিকানা-অফিস-আসাদুল্লাহ সুপার মার্কেট, মাওনা চৌরাস্তা, শ্রীপুর, গাজীপুর ও বাসা-কেওয়া পশ্চিম খন্ড, মাওনা, শ্রীপুর, গাজীপুর কর্তৃক গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি আদালতের আদেশ ছাড়াই বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। স্বগ্ৰহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ৩১/১০/২০১৪ ইং তারিখ পর্যন্ত খেলাপী ঋণ বাবদ ব্যাংকের পাওনা মোট ১৭,৯০,১৭০/- (সতের লক্ষ নব্বই হাজার একশত সত্তর) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে তফসিলভুক্ত সম্পত্তি নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখপূর্বক সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তির তফসিল

জেলা-গাজীপুর, থানা ও সাব-রেজিস্ট্রি অফিস-শ্রীপুর, জে. এল.-০৭ নং কেওয়া মৌজাস্থিত সি.এস. খতিয়ান নং-৩২৮, এস.এ. খতিয়ান নং-১১১৯, আর.এস. খতিয়ান নং-৫২৮, সি.এস. ও এস.এ. দাগ নং-৮৫৩, আর.এস. দাগ নং-২৫১০, জোত নং-১৪৬০৯, মোট ৩.৯৩৭৫ শতাংশ ভূমি যাহার চৌহদ্দী-উত্তরে-সামসুল হুদা, দক্ষিণে-আব্দুল হাই গং, পূর্বে-তাজ উদ্দিন আহমেদ এবং পশ্চিমে-সুরাইয়া আলম।

নিলামের শর্তাবলী

- ১। আগামী ২১/১২/২০১৪ ইং বেলা ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, মাওনা শাখা, শ্রীপুর, গাজীপুর, এ রক্ষিত বাঞ্ছ সুরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকঘোণে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ টার সময় দরপত্রদাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- ২। প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর এর ১৫% সমপরিমান টাকা জামানত স্বরূপ, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার এর মাধ্যমে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, মাওনা শাখা, শ্রীপুর, গাজীপুর এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- ৩। উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে প্রথম সর্বোচ্চ দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করিতে পারিবেন।
- ৪। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপরিপূর্ণ বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- ৫। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন-রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রয়োজ্য শুল্ক প্রভৃতি দরদাতাকেই বহন করিতে হইবে।
- ৬। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হওয়ার জন্য নিম্ন স্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- ৭। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ
মাওনা শাখা, শ্রীপুর, গাজীপুর।